গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ দূতাবাস, রোম, ইতালি

এবং

পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রনালয় এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭

সূচিপত্র

দূতাবাসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
উপক্রমণিকা
সেকশন ১-দূতাবাসের রূপকল্প (vision), অভিলক্ষ্য (mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী
সেকশন ২-দূতাবাসের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)
সেকশন ৩-কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, সম্পাদনসূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)
সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি
সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার ওপর নির্ভরশীলতা

দূতাবাসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of the Mission)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (০৩ বছর) প্রধান অর্জনসমূহঃ

পরিবর্তনশীল বিশ্বব্যবস্থায় বাংলাদেশের কূটনৈতিক কর্মকান্ড এখন বহুমাত্রিক। একটি সমন্বিত, কার্যকর ও বেগবান পররাষ্ট্রনীতির মাধ্যমে আন্তর্জাতিক ক্ষেত্রে বাংলাদেশকে একটি সক্রিয়, প্রতিশ্রুতিশীল এবং দায়িত্ববান রাষ্ট্র হিসেবে প্রতিষ্ঠার লক্ষ্যে পররাষ্ট্র মন্ত্রনালয়ের দিকনির্দেশনায় বাংলাদেশ দূতাবাস, রোম নিরলসভাবে কাজ করে যাচ্ছে। গত তিন বছরে দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক কূটনৈতিক এবং কনসুলার কর্মকান্ডে বাংলাদেশ দূতাবাস, রোম যথেষ্ট সাফল্য অর্জন করেছে।ইতালির সাথে বাংলাদেশের দ্বি-পাক্ষিক সম্পর্কে নতুন গতি সঞ্চারিত হয়েছে। ২০১৪ সালে বাংলাদেশে মাননীয় প্রধানমন্ত্রী ১০ম আসেম শীর্ষ সম্মেলন উপলক্ষ্য ইতালি সফর করেছেন। ইতালির উপ-পররাষ্ট্র মন্ত্রী ২০১৫ সালে বাংলাদেশ সফর করেছেন, যা দীর্ঘ দিনের মধ্যে ইতালি হতে প্রথম উচ্চ পর্যায়ের বাংলাদেশ সফর। কনস্যুলার কর্মকান্ডে ইতিবাচক অনেক পরিবর্তন আনা সম্ভব হয়েছে। ২০১৪ সালের অক্টোবর মাস হতে দূতাবাসে মেশিন রিডেবল পাসপোর্ট-এর জন্য এনরোলমেন্ট করা শুরু হয়েছে। দূতাবাসের নিরলস প্রচেষ্টায় ইতালি প্রবাসী দুই লক্ষ বাংলাদেশের নাগরিকগণের অধিকাংশ ইতোমধ্যে ডিজিটাল পাসপোর্ট গ্রহণ করেছেন। এছাড়া, দূতাবাসের সেবাসমূহ অনলাইন ম্যানেজমেন্টের আওতায় আনা হয়েছে এবং স্বল্পতম সময়ের মধ্যে সেবা প্রদান করা সম্ভব হচ্ছে। রোম-ভিত্তিক জাতিসঙ্ঘের তিনটি সংস্থা- FAO, IFAD ও WFP-তে বাংলাদেশ দূতাবাস গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ

রোমস্থ বাংলাদেশ দূতাবাসের জন্য এই মূহুর্তে প্রধান সমস্যা হচ্ছে মানবসম্পদের সীমাবদ্ধতা। প্রায় দুই লক্ষ বাংলাদেশী অভিবাসী বর্তমানে ইতালিতে অবস্থান করছেন। এদের বিভিন্ন ধরনের কনস্যুলার সেবার প্রয়োজন হয়। এই দূতাবাস দিনে গড়ে ৩০০-৪০০ জনকে কনস্যুলার সেবা প্রদান করে থাকে। সীমিত সংখ্যক কর্মকর্তা-কর্মচারী নিয়ে এত বিপুল সংখ্যক জনগনকে স্বল্পতম সময়ের মধ্যে কনসুলার সেবা প্রদান করা অত্যন্ত দুরূহ। জনবল বাড়ানো হলে কনস্যুলার সেবার মান আরো উন্নত করা সম্ভব হবে। এছাড়া, আবাসিক ভবনে চ্যাপারী অবস্থিত হওয়ার কারনে দূতাবাসের নিরাপত্তা ব্যবস্থা সুসংহত করা সম্ভব হচ্ছে না। দূতাবাসের গৃহীত নিরাপত্তা ব্যবস্থাসমূহ ভবনের অন্য বাসিন্দাদের স্বাভাবিক কর্মকান্ডে বিঘ্ন সৃষ্টি করে বিধায় বিকল্প উপায়ে দূতাবাসের নিরাপত্তা বৃদ্ধি করার প্রচেষ্টা চলছে। পৃথক, নিজস্ব ভবনে দূতাবাস স্থানান্তর না করা সম্ভব হলে দূতাবাসের নিরাপত্তা ব্যবস্থায় ঘাটতি রয়ে যাবে। সুতরাং, সীমিত জনবল নিয়ে দূতাবাস, এর সম্পদ এবং কর্মীদের নিরাপত্তা নিশ্চিত করে স্বল্পতম সময়ে কনস্যুলার সেবা প্রদান করাই প্রধান চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনা

দূতাবাসের কার্যাবলী সুষ্ঠভাবে সম্পাদনের জন্য মন্ত্রণালয়ের সহায়তায় আর্থিক, জনবল ও লজিস্টিক সমস্যার সমধানকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা এ দূতাবাসের ভবিষ্যৎ পরিকল্পনার একটি গুরুত্বপূর্ণ অংশ। দূতাবাসের সকল ধরনের কনস্যুলার সেবা অনলাইন ব্যবস্থাপনার মাধ্যমে দ্রুততম সময়ে প্রদান করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এর মাধ্যমে সেবা প্রত্যাশীদের দূতাবাসে একাধিকবার আগমনজনিত পরিশ্রম ও ব্যয় সাশ্রয় করা সম্ভব হবে। সব ধরনের সেবার জন্য সকল প্রয়োজনীয় তথ্য দূতাবাসের ওয়েবসাইটে প্রদান করা হবে, যাতে দূতাবাসে আগমনের পূর্বেই সেবা প্রত্যাশী তার প্রয়োজনীয় কাগজপত্রাদির বিষয় জানতে পারেন। অদূর ভবিষ্যতে মেশিন রিডেবল ভিসা চালু করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। দূতাবাসের জন্য পৃথক, নিজস্ব ভবন নির্বাচন ও ক্রয়ের প্রক্রিয়া শুরু করারও পরিকল্পনা রয়েছে । তাছাড়া, দূতাবাসের নিরাপত্তা ব্যবস্থা দৃঢ়তর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। ইতালি প্রবাসী বাংলাদেশী নাগরিকগণ যাতে নিরাপদে এখানে অবস্থান করতে পারেন, সেজন্য ইতালি সরকারের সাথে ঘনিষ্ঠভাবে এ দূতাবাস কাজ করে যাবে। ইতালির সাথে বাংলাদেশের দ্বি-পাক্ষিক সম্পর্ক এবং সমবর্তী দায়িত্ব হিসেবে আলবেনিয়া ও সার্বিয়ার সাথে বাংলাদেশের দ্বি-পাক্ষিক সম্পর্ক সুদৃঢ় করতে রোমস্থ বাংলাদেশ দূতাবাস প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

২০১৬-১৭ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ

- দূতাবাসের সকল কনস্যুলার সেবা অনলাইন ব্যবস্থাপনার মাধ্যমে পরিচালিত করা;
- দূতাবাসের নিজস্ব ওয়েব সাইট তথ্য সমৃদ্ধ ও আরো সহজে ব্যবহারোপযোগি করা;
- মেশিন রিডেবল ভিসা (এম.আর.ভি.) প্রদান কার্যক্রম শুরু করা;
- প্রবাসী বাংলাদেশীদের মেশিন রিডেবল পাসপোর্ট প্রদানের সময়সীমা ৩০ দিন থেকে ২৫ দিনে হ্রাস করা;
- ইতালির সাথে বাংলাদেশের দ্বিপাক্ষিক সম্পর্ক সুদৃঢ় করা;
- সমবর্তী দায়িত্ব হিসেবে আলবেনিয়া ও সার্বিয়ার সাথে বাংলাদেশের দ্বি-পাক্ষিক সম্পর্ক সুদৃঢ় করা; এবং
- দূতাবাসের জন্য নিজস্ব ভবন ক্রয়ের নিমিত্তে সম্ভাব্য ভবনসমূহের একটি তালিকা প্রস্তুত করা মন্ত্রণালয়ে প্রেরণ করা।

উপক্রমণিকা(Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রোম, ইতালি

এবং

পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়-এর মধ্যে ২০১৬ সালের ......জুলাই......
মাসের ....২৮........... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

সেকশন ১:

দূতাবাসের রূপকল্প (vision), অভিলক্ষ্য (mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

১.১ রূপকল্প (vision)

বাংলাদেশের স্বার্থ অক্ষুন্ন রেখে ইতালি এবং সমবর্তী দায়িত্ব হিসেবে আলবেনিয়া ও সার্বিয়ার সাথে বাংলাদেশের দ্বি-পাক্ষিক সম্পর্ক সুদৃঢ় করা।

১.২ অভিলক্ষ্য (mission)

বিবর্তনশীল আন্তর্জাতিক প্রেক্ষাপটে উদীয়মান, আত্মবিশ্বাসী এবং দায়িত্বশীল রাষ্ট্রের দূতাবাস হিসেবে ইতালি, আলবেনিয়া, সার্বিয়া এবং এসব দেশে অবস্থিত আন্তর্জাতিক সংস্থাসমূহে বাংলাদেশের স্বার্থ সংরক্ষণ ও বৃদ্ধি করা; এবং প্রবাসী বাংলাদেশী নাগরিকগণকে উন্নততর সেবা প্রদান নিশ্চিত করা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (strategic objectives)

১.৩.১ দূতাবাসের কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

১. ইতালি এবং এর সমবর্তী দায়িত্বের দেশ আলবেনিয়া, সার্বিয়ার সাথে বাংলাদেশের দ্বিপাক্ষিক সম্পর্ক সুসংহতকরণ;
২. বহুপাক্ষিক ও আন্তর্জাতিক ফোরামে বাংলাদেশের স্বার্থ সংরক্ষণ;
৩. দ্রুততর ও সুদক্ষ কনসুলার সেবা প্রদান;
৪. ইতালি , আলবেনিয়া ও সার্বিয়ায় বাংলাদেশের বাংলাদেশের পন্য ও শ্রমবাজার সম্প্রসারণে সহায়তা;
৫. অর্থনৈতিক সহযোগিতা সংক্রান্ত দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক আলোচনার আয়োজন ও বাংলাদেশের স্বার্থ সংরক্ষণ
৬. জলবায়ু পরিবর্তন, অভিবাসন, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রাসহ বিভিন্ন বৈশ্বিক ইস্যুতে চলমান আন্তর্জাতিক প্রক্রিয়ায় বাংলাদেশের সক্রিয়, নেতৃত্বশীল ও সফল অংশগ্রহণ এবং বাংলাদেশের স্বার্থ সংরক্ষণ ও ভাবমূর্তির উন্নয়ন;
৭. আঞ্চলিক ও বৈশ্বিক পরিবর্তনের প্রেক্ষাপটে বাংলাদেশের পররাষ্ট্রনীতির যথোপযুক্ত অভিযোজন ও প্রয়োগ ।

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

১. দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা;
২. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন;
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;
৪. কর্মপরিবেশ উন্নয়ন ;
৫. তথ্য অধিকার ও স্বপ্রনোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা;
৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

১.৪ দূতাবাসের কার্যাবলী

১. ইতালির সাথে বাংলাদেশের দ্বিপাক্ষিক সম্পর্ক এবং সমবর্তী দায়িত্ব হিসেবে আলবেনিয়া ও সার্বিয়ার সাথে দ্বিপাক্ষিক সম্পর্ক সুসংহতকরণ;
২. রোমে অবস্থিত জাতিসংঘের তিনটি সংস্থা (FAO, IFAD ও WFP)-তেকার্যকারীভূমিকারাখারমাধ্যমেবহুপাক্ষিক ও আন্তর্জাতিক ফোরামে বাংলাদেশের স্বার্থ সংরক্ষণ;
৩. কূটনৈতিক ও কনসুলার প্রতিনিধিত্বের মাধ্যমে প্রবাসীগণকে বিভিন্ন কনসুলার ও কল্যানমূলক সেবা প্রদান;
৪. ইতালি, সার্বিয়া ও আলবেনিয়ার নাগরিকদের জন্য ভিসা প্রদান;
৫. ইতালি , আলবেনিয়া ও সার্বিয়ায় বাংলাদেশের পন্য ও শ্রমবাজার সম্প্রসারণে প্রয়োজনীয় সহায়তা প্রদান;
৬. প্রবাসী বাংলাদেশের নাগরিকদের জন্য মেশিন রিডেবল পাসপোর্ট এনরোলমেন্ট ও পাসপোর্ট প্রদান;
৭. বিদেশে বাংলাদেশের ভাবমূর্তি উন্নয়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;
৮. বৈদিশিক সম্পর্ক সংশ্লিষ্ট যেকোন বিষয়/ইস্যুতে পররাষ্ট্র মন্ত্রণালয়সহ সরকারের অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের সাথে সমন্বয় সাধন;
৯. অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের প্রাসঙ্গিক লক্ষ্যসমূহ বাস্তবায়ন প্রক্রিয়াকে সহজীকরণ (যেমন, বিদেশে বাংলাদেশের পন্যবাজার সম্প্রসারণে বানিজ্য মন্ত্রণালয়, শ্রমবাজার সম্প্রসারণে প্রবাসী কল্যাণ ও বৈদিশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ও মেশিন রিডেবল পাসপোর্টের বিষয়ে বহিরাগমণ ও পাসপোর্ট অধিদপ্তরের সাথে সমন্বিত উদ্যোগ ও পদক্ষেপ গ্রহণ;
১০. প্রযোজ্য ক্ষেত্রে বাংলাদেশ সরকার প্রধান, মন্ত্রীপরিষদের সদস্য, উর্ধতন সরকারী কর্মকর্তাগণের ইতালি সফরের আয়োজন ও ব্যবস্থাপনা সম্পন্ন করা।

সেকশন২:

দূতাবাসের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator)	একক (Unit)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা ২০১৬-১৭	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র (Source of Data)
			২০১৪-১৫	২০১৫-১৬		২০১৭-১৮	২০১৮-১৯		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
সর্বোচ্চ পর্যায়ের সফরের মাধ্যমে ইতালির সাথে বাংলাদেশের দ্বিপাক্ষিক সম্পর্ক সুসংহতকরণ	সরকারপ্রধান/ রাষ্ট্রপতি পর্যায়ের সফরের আয়োজন	সংখ্যা	১	-	১	১	০	পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ দূতাবাস, রোম ও প্রধানমন্ত্রীর কার্যালয়	মিশন ও মন্ত্রণালয়
ইতালি এবং সমবর্তী দায়িত্বে আলবেনিয়া ও সার্বিয়ার সাথে বাংলাদেশের দ্বিপাক্ষিক সম্পর্ক সুসংহতকরণ	মন্ত্রী পর্যায়ের সরকারী সফর আয়োজন	সংখ্যা	৫	৪	৪	৪	৪	পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ দূতাবাস , রোম (ও প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট অন্য মন্ত্রণালয়)	মিশন ও মন্ত্রণালয়
বহুপাক্ষিক ও আন্তর্জাতিক ফোরামে বাংলাদেশের স্বার্থ সংরক্ষণ	জাতিসংঘের বিশেষায়িত তিনটি সংস্থার বিভিন্ন পদে বাংলাদেশের নির্বাচন/ মনোনয়ন/সভায় অংশগ্রহণ	সংখ্যা	২	২	৩	২	২	পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ দূতাবাস , রোম এবং অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	মিশন
ICAO-এর এমআরপি সংশ্লিষ্ট নির্দেশনা বাস্তবায়নের মাধ্যমে বিদেশে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলকরণ	দূতাবাস হতে এমআরপি প্রদান	সংখ্যা	২৫৩৭	৩৩৩৯৩	১৫০০০	১২০০০	১২০০০	পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ দূতাবাস , রোম , স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর	মিশন
দ্রুততর ও সুদক্ষ কনসুলার সেবা প্রদান	দূতাবাস হতে এমআরপি প্রদানের সময়	দিন	৫০	৩০	২৫	২৫	২৫	পররাষ্ট্র মন্ত্রণালয়,বাংলাদেশ দূতাবাস , রোম এবং বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর	মিশন
প্রবাসী বাংলাদেশীদের কনসুলার পরিষেবা প্রদানের সময় হ্রাস/দক্ষতা বৃদ্ধি [দূতাবাসের সেবার মানোন্নয়ন]	দূতাবাসে কনসুলার পরিষেবা প্রদানে ব্যয়িত সময়	দিন	১	১	১	১	১	পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ দূতাবাস , রোম [প্রযোজ্য ক্ষেত্রে, প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর এবং বিভিন্ন বিভাগীয় কমিশনারের কার্যালয়]	মিশন
এমআরভি প্রদানের মাধ্যমে ভিসা প্রদান পদ্ধতি সহজিকরন ও আধুনিকায়ন	দূতাবাসে এমআরভি কার্যক্রম শুরু	সংখ্যা	-	-	৪০০	৫০০	৫০০	পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ দূতাবাস , রোম স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর	মিশন
বাংলাদেশের পন্য ও শ্রমবাজার সম্প্রসারণে সহায়তা:	বিদেশী ক্রেতাদের ভিসা প্রদান	সংখ্যা	৬৭৭	৭৫৩	৭৫০	৭৫০	৭৫০	বাংলাদেশ দূতাবাস , রোম	মিশন

সেকশন ৩

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক২০১৬-১৭ (Target /Criteria Value for FY 2016-17)					প্রক্ষেপণ (Projection) ২০১৭-১৮	প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯
								অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
						২০১৪-১৫	২০১৫-১৬							
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
দূতাবাসের কৌশলগত উদ্দেশ্যসমূহ														
[১] ইতালি এবং সমবর্তী দায়িত্বের দেশ আলবেনিয়া ও সার্বিয়ার সাথে বাংলাদেশের দ্বিপাক্ষিক সম্পর্ক সুসংহতকরণ;	২১	১.১ ফরেন অফিস কন্সাল্টেশন (FOC)	১.১.১ অনুষ্ঠিত ফরেন অফিস কন্সাল্টেশন (FOC)	সংখ্যা	৪.০০	-	-	-	-	-	-	-	১	১
		১.২ মন্ত্রী পর্যায়ের বৈঠক আয়োজন	১.২.১ আয়োজিত বৈঠক	সংখ্যা	৪.০০	৫	৪	৪	৩	২	১	০	৪	৪
		১.৩ দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষর	১.৩.১ স্বাক্ষরিত চুক্তি	সংখ্যা	৩.০০	-	-	১	১ -	১ -	১ -	০ -	১	১
		১.৪ দ্বিপাক্ষিক সমঝোতা স্মারক স্বাক্ষর	১.৪.১ স্বাক্ষরিত সমঝোতা স্মারক	সংখ্যা	২.০০	-	-	১	১ -	১ -	১ -	০ -	১	১
		১.৫ বিদেশী সরকার ও রাষ্ট্রপ্রধানের বাংলাদেশ সফর আয়োজন	১.৫.১ আয়োজিত সফর	সংখ্যা	২.০০	-	-	১	১ -	১ -	১ -	০ -	১	০
		১.৬ মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর রাষ্ট্রীয় সফর আয়োজন	১.৬.১ আয়োজিত সফর	সংখ্যা	৪.০০	১	-	২	১	১ -	১ -	০ -	১	০
		১.৭ ইতালি এবং সমবর্তী দায়িত্বের দেশসমুহে অনারারি কনসুলেট স্থাপনে সহায়তা করা	১.৭.১ নতুন অনারারি কনসুলেট স্থাপনে সহায়তা প্রদান	সংখ্যা	২.০০	১	১	২	১	১ -	১ -	০ -	১	১

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক২০১৬-১৭ (Target /Criteria Value for FY 2016-17)					প্রক্ষেপণ (Projection) ২০১৭-১৮	প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯
								অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
						২০১৪-১৫	২০১৫-১৬							
[২] বহুপাক্ষিক ও আন্তর্জাতিক ফোরামে বাংলাদেশের স্বার্থ সংরক্ষণ	১৮	২.১ বহুপাক্ষিক কনফারেন্স/ সেমিনার এ অংশগ্রহণ	২.১.১ অংশগ্রহণকৃত কনফারেন্স/ সেমিনার	সংখ্যা	৫.০০	১৭	২০	১০	৯	৮	৭	৬	১৫	১৫
		২.২ জাতিসংঘ এবং বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার নির্বাচনে অংশগ্রহণ	২.২.১ অংশগ্রহণকৃত নির্বাচন	সংখ্যা	৩.০০	২	২	৩	২	১	-	-	২	২
		২.৩ রোমে বহুপাক্ষিক কনফারেন্স/সেমিনার আয়োজন	২.৩.১ আয়োজিত কনফারেন্স/ সেমিনার	সংখ্যা	৩.০০	০	০	১	-	-	-	-	১	১
		২.৪ আঞ্চলিক যোগাযোগ প্রতিষ্ঠার লক্ষ্যে বিভিন্ন আঞ্চলিক সভা/সেমিনারে অংশগ্রহণ	২.৪.১ অংশগ্রহণকৃত আঞ্চলিক সভা/সেমিনার	সংখ্যা	৪.০০	৩	৩	৩	২	১	-	-	২	২
		২.৫ বিভিন্ন আঞ্চলিক বিষয়ে সভা/সেমিনার আয়োজন	২.৫.১ আয়োজিত সভা/সেমিনার	সংখ্যা	৩.০০	১	১	১	-	-	-	-	১	১
[৩] দ্রুততর ও সুদক্ষ কনসুলার সেবা প্রদান	১৮	৩.১ দূতাবাসে মেশিন রিডেবল পাসপোর্ট কার্যক্রম শুরু/সম্প্রসারণ	৩.১.১ ওয়ার্কষ্টেশনের সংখ্যা	সংখ্যা	৩.০০	২	৪	৪	৩	২	১	-	৪	৪
		৩.২ দূতাবাসে মেশিন রিডেবল ভিসা কার্যক্রম শুরু	৩.২.১ মেশিন রিডেবল ভিসা কার্যক্রম চালুকৃত মেশিনের সংখ্যা	সংখ্যা	২.০০	-	-	১	-	-	-	-	১	১

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক২০১৬-১৭ (Target /Criteria Value for FY 2016-17)					প্রক্ষেপণ (Projection) ২০১৭-১৮	প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯
								অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
						২০১৪-১৫	২০১৫-১৬							
		৩.৩ অধিক সংখ্যক প্রবাসী বাংলাদেশীদেরকে মেশিন রিডেবল পাসপোর্ট প্রদান	৩.৩.১ প্রদত্ত মেশিন রিডেবল পাসপোর্ট এর সংখ্যা	হাজার	৫.০০	২৫৩৭	৩৩৩৯৩	১৫০০০	১২০০০	১০০০০	৮০০০	৫০০০	১২০০০	১২০০০
		৩.৪ দূতাবাস হতে প্রবাসী বাংলাদেশীদের পাসপোর্ট প্রদান দ্রুতকরণ	৩.৪.১ মেশিন রিডেবল পাসপোর্ট প্রদানকাল	দিন	২.০০	৫০	৩০	২৫	৩০	৩৫	৪৫	৬০	২৫	২৫
		৩.৫ দূতাবাস হতে প্রবাসী বাংলাদেশীদেরকে কনসুলার সেবা প্রদান দ্রুতকরণ	৩.৫.১ কন্সুলার সেবা প্রদানকাল	দিন	৩.০০	১	১	১	২	৩	৫	৭	১	১
		৩.৬ দূতাবাস হতে বিদেশী নাগরিকদের অধিকহারে ভিসা প্রদান	৩.৬.১ বিদেশী নাগরিকদের প্রদত্ত ভিসা	শত	২.০০	২১০০	২১৫০	২০০০	১৮০০	১৬০০	১৪০০	১২০০	২১৫০	২১৫০
		৩.৭ দূতাবাস হতে জন্মনিবন্ধন কার্যক্রম সম্পাদন করা	৩.৭.১ সম্পাদিত জন্ম নিবন্ধনের সংখ্যা	হাজার	১.০০	৪৩৭৩	৮৯২৫	৪০০০	৩০০০	২০০০	১০০০	৮০০	৩০০০	৩০০০
[৪]ইতালি, আলবেনিয়া ও সার্বিয়ায় বাংলাদেশের পন্য ও শ্রমবাজার সম্প্রসারণে সহায়তা;	১০	৪.১ বানিজ্যমেলার আয়োজন	৪.১.১ আয়োজিত বানিজ্য মেলা	সংখ্যা	৩.০০	-	-	১	-	-	-	-	১	১
		৪.২ বানিজ্যিক চেম্বার নেতৃবৃন্দের সঙ্গে সভা আয়োজন	৪.২.১ আয়োজিত সভা	সংখ্যা	২.০০	৫	৮	৬	৫	৪	৩	২	৮	৮
		৪.৩ শ্রম বাজার সম্পরসারণ সংক্রান্ত	৪.৩.১ আয়োজিত সভা	সংখ্যা	৩.০০	৫	৭	৫	৪	৩	২	১	৫	৫

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক২০১৬-১৭ (Target /Criteria Value for FY 2016-17)					প্রক্ষেপণ (Projection) ২০১৭-১৮	প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯
						২০১৪-১৫	২০১৫-১৬	অসাধারণ ১০০%	অতি উত্তম ৯০%	উত্তম ৮০%	চলতি মান ৭০%	চলতি মানের নিম্নে ৬০%		
		জটিলতা নিরসনে সরকারী ও বেসরকারী নেতৃবৃন্দের সঙ্গে আলোচনা সভা আয়োজন												
		৪.৪ বিদেশী আমদানীকারকদের বাংলাদেশে ভ্রমণ আয়োজন	৪.৪.১ আয়োজিত ভ্রমণ	সংখ্যা	২.০০	৬৭৭	৭৫৩	৫০০	৪০০	৩০০	২০০	১০০	৮০০	৮০০
[৫]জলবায়ু পরিবর্তন, অভিবাসন, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রাসহ বিভিন্ন বৈশ্বিক ইস্যুতে চলমান আন্তর্জাতিক প্রক্রিয়ায় বাংলাদেশের সক্রিয়, নেতৃত্বশীল ও সফল অংশগ্রহণ এবং বাংলাদেশের স্বার্থ সংরক্ষণ ও ভাবমূর্তির উন্নয়ন	৫	৫.১ সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা, সেমিনার এবং কর্মশালায় অংশগ্রহণ	৫.১.১ অংশগ্রহণকৃত আলোচনা, সেমিনার এবং কর্মশালা	সংখ্যা	২.৫০	৫	৫	৫	৪	৩	২	১	৫	৫
		৫.২ আউটকাম ডকুমেন্ট প্রস্তুতে সক্রিয়, নেতৃত্বশীল এবং সফল অংশগ্রহণ (ইন্টারভেনশন)	৫.২.১ প্রস্তুতকৃত আউটকাম ডকুমেন্ট	সংখ্যা	২.৫০	১	২	৩	২	১	-	-	৩	৩
[৬] অর্থনৈতিক সহযোগিতা সংক্রান্ত দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক আলোচনার আয়োজন ও বাংলাদেশের স্বার্থ	৫	৬.১ অর্থনৈতিক সহযোগিতা চুক্তি স্বাক্ষর	৬.১.১ স্বাক্ষরিত চুক্তি	সংখ্যা	২.৫০	-	-	১	-	-	-	-	১	১
		৬.২ অর্থনৈতিক সহযোগিতা সংক্রান্ত আলোচনায় অংশগ্রহণ	৬.২.১ অংশগ্রহণকৃত আলোচনা	সংখ্যা	২.৫০	৫	৫	৫	৪	৩	২	১	৫	৫

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক২০১৬-১৭ (Target /Criteria Value for FY 2016-17)					প্রক্ষেপণ (Projection) ২০১৭-১৮	প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯
								অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
সংরক্ষণ						২০১৪-১৫	২০১৫-১৬							
[৭] আঞ্চলিক ও বৈশ্বিক পরিবর্তনের প্রেক্ষাপটে বাংলাদেশের পররাষ্ট্রনীতির যথোপযুক্ত অভিযোজন ও প্রয়োগ	৩	৭.১ আলোচনা, সেমিনার এবং কর্মশালায় অংশগ্রহণ	৭.১.১ অংশগ্রহণকৃত আলোচনা, সেমিনার ও কর্মশালা	সংখ্যা	১.৫০	৫	৫	৫	৪	৩	২	১	৫	৫
		৭.২ সহযোগিতা চুক্তি স্বাক্ষর	৭.২.১ স্বাক্ষরিত চুক্তি	সংখ্যা	১.৫০	-	-	১	-	-	-	-	১	১

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক২০১৬-১৭ (Target /Criteria Value for FY 2016-17)				
						অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে
						১০০%	৯০%	৮০%	৭০%	৬০%
বাধ্যতামূলক কৌশলগত উদ্দেশ্যসমূহ										
দক্ষতার সঙ্গে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা	৬	২০১৬-১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি দাখিল	নিরধারিত সময়ের মধ্যে খসড়া চুক্তি দাখিল	তারিখ	১.০০	১৯ মে	২২ মে	২৪ মে	২৫ মে	২৬ মে
		আওতাধীন সংস্থার সাথে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত	তারিখ	১.০০	২৬-৩০ জুন				
		২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল	নিরধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১.০০	১৪ জুলাই	১৭ জুলাই	১৮ জুলাই	১৯ জুলাই	২০ জুলাই
		২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ	ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ণ ও দাখিলকৃত	সংখ্যা	১.০০	৪	৩	২		
		২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল	নিরধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১.০০	২২ জানুয়ারি	২৩ জানুয়ারি	২৪ জানুয়ারি	২৫ জানুয়ারি	২৬ জানুয়ারি
		বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান	বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা	সংখ্যা	১.০০	৩	২	১		
কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন	৫	ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন	ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত	তারিখ	১.০০	২৮ ফেব্রুয়ারি	৩০ মার্চ	৩০ এপ্রিল	৩১ মে	২৯ জুন
		পি আর এল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট করমচারীর পি আর এল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ	পি আর এল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট করমচারীর পি আর এল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত	%	১.০০	১০০	৯০	৮০		
		সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন	দপ্তর/সংস্থায় কমপক্ষে একটি অনলাইন সেবা চালুকৃত	তারিখ	১.০০	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি		
			দপ্তর/সংস্থায় কমপক্ষে তিনটি সেবা প্রক্রিয়া সহজীকরণ	তারিখ	১.০০	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি		
		অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন	নিস্পত্তিকৃত অভিযোগ	%	১.০০	৯০	৮০	৭০	৬০	৫০
দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন	৩	সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন	প্রশিক্ষণের সময়	জন ঘণ্টা	১.০০	৬০	৫৫	৫০	৪৫	৪০
		জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন	২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষন কাঠামো প্রণীত ও দাখিলকৃত	তারিখ	১.০০	১৫ জুলাই	৩১ জুলাই			
			নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষন প্রতিবেদন দাখিল কৃত	সংখ্যা	১.০০	৪	৩	২		

কর্ম পরিবেশ উন্নয়ন	৩	অফিস ভবন ও আঙ্গিনা পরিছন্ন রাখা	নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিছন্ন	তারিখ	১.০০	৩০ নভেম্বর	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি		
		সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার এর ব্যবস্থা করা	নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবংদর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার	তারিখ	১.০০	৩০ নভেম্বর	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি		
		সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবিক্ষনের ব্যবস্থা চালু করা	সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবিক্ষনের ব্যবস্থা চালুকৃত	তারিখ	১.০০	৩০ নভেম্বর	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি		
তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা	২	তথ্য বাতায়ন হালনাগাদকরণ	তথ্য বাতায়ন হালনাগাদ কৃত	%	১.০০	প্রতি মাসের ১ম সপ্তাহ	প্রতি মাসের ২য় সপ্তাহ	প্রতি মাসের ৩য় সপ্তাহ		
		দূতাবাসের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ	বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত	তারিখ	১.০০	১৫ অক্টোবর	২৯ অক্টোবর	১৫ নভেম্বর	৩০ নভেম্বর	১৫ ডিসেম্বর
আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন	১	অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন	বছরে অডিট আপত্তি নিস্পত্তিকৃত	%	১.০০	৫০	৪৫	৪০	৩৫	৩০

*সাময়িক

আমি বাংলাদেশ দূতাবাস, রোম, ইতালি এর রাষ্ট্রদূত হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পররাষ্ট্র সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পররাষ্ট্র মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসেবে রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রোম, ইতালি-এর নিকট অঙ্গীকার করিতেছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

Mohammed Shahdat Hossain
Ambassador
Embassy of Bangladesh
Rome, Italy

....
রাষ্ট্রদূত
বাংলাদেশ দূতাবাস, রোম, ইতালি

২৮.০৯.২০১৬
....
তারিখ

....
পররাষ্ট্র সচিব
পররাষ্ট্র মন্ত্রণালয়

২৮.০৯.২০১৬
....
তারিখ

সংযোজনী-১

শব্দসংক্ষেপ
(Acronyms)

ক্রমিকনং	শব্দসংক্ষেপ	বিবরণ	মন্তব্য
১	এমআরপি	মেশিনরিডেবলপাসপোর্ট	
২	এমআরভি	মেশিনরিডেবলভিসা	
৩	ICAO	International Civil Aviation Organization	
৪	FAO	Food and Agriculture Organization of the United Nations	
৫	IFAD	International Fund for Agriculture and Development	
৬	WFP	World Food Programme	
৭	FOC	Foreign Office Consultations	

সংযোজনী২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারীসংস্থাসমূহ এবং পরিমাপ/ পদ্ধতি

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা	পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র	সাধারণ মন্তব্য
[১.১] ফরেন অফিস কন্সালটেশন (FOC)	১.১.১ অনুষ্ঠিত ফরেন অফিস কন্সাল্টেশন (FOC)	ফরেন অফিস কন্সাল্টেশন (FOC) কূটনীতির আধুনিকতম ধারণা। বর্তমানে অধিকাংশ উন্নত দেশ পররাষ্ট্র মন্ত্রী কিংবা পররাষ্ট্র সচিব পর্যায়ে FOC এর মাধ্যমে বিভিন্ন গুরুত্বপূর্ণ দ্বিপাক্ষিক বিষয় নিয়ে আলোচনায় অংশগ্রহণ করেন এবং বিভিন্ন দিক পরীক্ষা-নিরীক্ষা ও বিশ্লেষণপূর্বক চুক্তি কিংবা সমঝোতা স্মারক স্বাক্ষরের প্রয়াস নেন। ইতালির সাথে বাংলাদেশের দ্বিপাক্ষিক সম্পর্ক উন্নয়নের নিমিত্ত এ দূতাবাস দুই দেশের মধ্যে অতিশীঘ্রই ফরেন অফিস কন্সাল্টেশন আয়োজনের ব্যবস্থা করবে। সমবর্তী দায়িত্বের অন্য দুইটি দেশের ক্ষেত্রেও একই উদ্যোগ থাকবে।	পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ দূতাবাস, রোম	অনুষ্ঠিত ফরেন অফিস কন্সাল্টেশন এর সংখ্যা/ পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ দূতাবাস, রোম কর্তৃক প্রকাশিত বিভিন্ন প্রকাশনা ও প্রতিবেদন	
[১.২] মন্ত্রীপর্যায়ের বৈঠক আয়োজন	১.২.১ আয়োজিত বৈঠক	মন্ত্রী পর্যায়ের বৈঠক দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদারকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এ দূতাবাস সময়ে সময়ে ইতালির সাথে বাংলাদেশের স্বার্থ সংরক্ষণের জন্য মন্ত্রী পর্যায়ের বৈঠক আয়োজন করে থাকে এবং ভবিষ্যতেও এ ধারা অব্যাহত থাকবে।	পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বাংলাদেশ দূতাবাস, রোম	আয়োজিত বৈঠকের সংখ্যা / পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ দূতাবাস, রোম কর্তৃক প্রকাশিত বিভিন্ন প্রকাশনা ও প্রতিবেদন	
১.৩ দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষর	১.৩.১ স্বাক্ষরিত চুক্তি	যেকোন সফল কূটনৈতিক আলোচনার চূড়ান্ত ফলাফল হচ্ছে চুক্তি সম্পাদন। চুক্তি স্বাক্ষরের মাধ্যমে একটি দেশ নির্দিস্ট কিছু লক্ষ্য পূরণে অঙ্গীকারবদ্ধ থাকে যার কারনে ঐ দেশটি আন্তর্জাতিক আইনে দায়বদ্ধ থাকে।	পররাষ্ট্র মন্ত্রণালয়,বাংলাদেশ দূতাবাস, রোম এবং চুক্তির সাথে সংশ্লিষ্ট মন্ত্রণালয়	স্বাক্ষরিত চুক্তির সংখ্যা/ পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ দূতাবাস, রোম কর্তৃক প্রকাশিত বিভিন্ন প্রকাশনা ও প্রতিবেদন	
১.৪ দ্বিপাক্ষিক সমঝোতা স্মারক স্বাক্ষর	১.৪.১ স্বাক্ষরিত সমঝোতা স্মারক	যেকোন সফল কূটনৈতিক আলোচনার চূড়ান্ত ফলাফল হচ্ছে সমঝোতা স্মারক সম্পাদন। সমঝোতা স্মারক স্বাক্ষরের মাধ্যমে একটি দেশ নির্ধারিত সময়ের মধ্যে নির্দিস্ট কিছু লক্ষ্য পূরণে অঙ্গীকারবদ্ধ থাকে।	পররাষ্ট্র মন্ত্রণালয় ও সমঝোতা স্মারকের সাথে সংশ্লিষ্ট মন্ত্রণালয়	স্বাক্ষরিত চুক্তির সংখ্যা/ পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ দূতাবাস, রোম কর্তৃক প্রকাশিত বিভিন্ন প্রকাশনা ও প্রতিবেদন	
১.৫ বিদেশী সরকার ও রাষ্ট্রপ্রধানের বাংলাদেশ সফর	১.৫.১ আয়োজিত সফর	কোন রাষ্ট্রপ্রধান বা সরকারপ্রধান পর্যায়ের সফর ভিভিআইপি সফর হিসেবে চিহ্নিত হয়। দুইটি দেশের মধ্যেকার দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সপর্ক ও পারস্পরিক সহযোগিতার চূড়ান্ত নিদর্শন হচ্ছে ভিভিআইপি সফর যার মাধ্যমে দুইটি দেশ দ্বিপাক্ষিক সম্পর্ককে উচ্চতর পর্যায়ে নিয়ে যেতে সচেষ্ট হয়।	পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বাংলাদেশ দূতাবাস, রোম	আয়োজিত সফরের সংখ্যা/ পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ দূতাবাস, রোম কর্তৃক প্রকাশিত বিভিন্ন প্রকাশনা ও প্রতিবেদন	

১.৬ মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর রাষ্ট্রীয় সফর আয়োজন	১.৬.১ আয়োজিত সফর	রাষ্ট্রীয় সফর গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এসব সফরকালে বিভিন্ন দ্বিপাক্ষিক চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয় যা দ্বিপাক্ষিক সম্পর্কে গতিশীলতা আনে। ২০১৪ সালে বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী ১০ম আসেম শীর্ষ সম্মেলন উপলক্ষ্য ইতালি সফর করেছেন এবং এ সফরকে সফল করার জন্য দূতাবাস সকল ধরণের সহযোগিতা প্রদান করেছে।	পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বাংলাদেশ দূতাবাস, রোম	আয়োজিত সফরের সংখ্যা/ পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ দূতাবাস, রোম কর্তৃক প্রকাশিত বিভিন্ন প্রকাশনা ও প্রতিবেদন	
১.৭ ইতালি এবং সমবর্তী দায়িত্বের দেশসমূহে অনারারি কনসুলেট স্থাপনে সহায়তা করা	১.৭.১ নতুন অনারারি কনসুলেট স্থাপনে সহায়তা প্রদান	একটি দেশের বিভিন্ন অঞ্চলে বাংলাদেশের প্রতিনিধিত্ব করার জন্য এবং প্রয়োজনীয় কনসুলার সেবা প্রদান করার জন্য অনারারী কনসুলেট স্থাপন করার প্রয়োজন হয়। অনারারী কনসুলার কর্মকর্তা host country এর নাগরিক হওয়ার কারনে এই নিয়োগের মাধ্যমে host country এর সাথে দ্বিপাক্ষিক সম্পর্ক দৃঢ়তরও হয়।	পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বাংলাদেশ দূতাবাস, রোম	নতুন অনারারি কনসুলেট স্থাপনের সংখ্যা/ পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ দূতাবাস, রোম কর্তৃক প্রকাশিত বিভিন্ন প্রকাশনা ও প্রতিবেদন	
২.১ বহুপাক্ষিক কনফারেন্স/ সেমিনার এ অংশগ্রহণ	২.১.১ অংশগ্রহণকৃত কনফারেন্স/ সেমিনার	বহুপাক্ষিক কনফারেন্স বা সেমিনারে বৈশ্বিকভাবে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হয় যেখানে সকল দেশ আলোচ্য বিষয়ে তার অবস্থান তুলে ধরে। জাতীয় স্বার্থ সুরক্ষায় এসব বহুপাক্ষিক কনফারেন্স বা সেমিনারে অংশগ্রহণ গুরুত্বপূর্ণ।	পররাষ্ট্র মন্ত্রণালয়, কনফারেন্স,সেমিনার এর বিষয় সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং বাংলাদেশ দূতাবাস, রোম	অংশগ্রহণকৃত কনফারেন্স, সেমিনার-এর সংখ্যা/ পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ দূতাবাস, রোম কর্তৃক প্রকাশিত বিভিন্ন প্রকাশনা ও প্রতিবেদন	
২.২ জাতিসংঘ এবং বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার নির্বাচনে অংশগ্রহণ	২.২.১ অংশগ্রহণকৃত নির্বাচন	জাতিসংঘ এবং বিভিন্ন আন্তর্জাতিক সংস্থায় বাংলাদেশের অবস্থান সুদৃঢ় করা এবং বিশ্ববাসীর কাছে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল করার ক্ষেত্রে সংস্থাসমূহের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে নির্বাচনে অংশগ্রহণ এবং জয়লাভ খুবই গুরুত্ব বহন করে।	পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বাংলাদেশ দূতাবাস, রোম	অংশগ্রহণকৃত নির্বাচন -এর সংখ্যা / পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ দূতাবাস, রোম কর্তৃক প্রকাশিত বিভিন্ন প্রকাশনা ও প্রতিবেদন	
২.৩ রোমে বহুপাক্ষিক কনফারেন্স/সেমিনার আয়োজন	২.৩.১ আয়োজিত কনফারেন্স/ সেমিনার	দেশের উজ্জ্বল ভাবমূর্তি বিশ্ব দরবারে তুলে ধরার ক্ষেত্রে এইসব বহুপাক্ষিক কনফারেন্স/সেমিনার আয়োজন গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে।	পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বাংলাদেশ দূতাবাস, রোম	আয়োজিতকনফারেন্স, সেমিনারের সংখ্যা / পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ দূতাবাস, রোম কর্তৃক প্রকাশিত বিভিন্ন প্রকাশনা ও প্রতিবেদন	
২.৪ আঞ্চলিক যোগাযোগ প্রতিষ্ঠার লক্ষ্যে বিভিন্ন আঞ্চলিক সভা/ সেমিনারে অংশগ্রহণ	২.৪.১ অংশগ্রহণকৃত আঞ্চলিক সভা/সেমিনার	আঞ্চলিক সভা বা সেমিনারে আঞ্চলিকভাবে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হয় যেখানে অন্যান্য দেশ আলোচ্য বিষয়ে তার অবস্থান তুলে ধরে। আঞ্চলিক যোগাযোগ ব্যবস্থা স্থাপন ও সুদৃঢ় করার ক্ষেত্রে এবং বাংলাদেশের জাতীয় স্বার্থ সুরক্ষায় এসব সভা/সেমিনারে অংশগ্রহণ ও বাংলাদেশের অবস্থান তুলে ধরা অত্যন্ত গুরুত্বপূর্ণ।	পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বাংলাদেশ দূতাবাস, রোম	অংশগ্রহণকৃত আঞ্চলিক সভা,সেমিনারের সংখ্যা / পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ দূতাবাস, রোম কর্তৃক প্রকাশিত বিভিন্ন প্রকাশনা ও প্রতিবেদন	

২.৫ বিভিন্ন আঞ্চলিক বিষয়ে সভা/সেমিনার আয়োজন	২.৫.১ আয়োজিত সভা/সেমিনার	বাংলাদেশের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন ইস্যু আঞ্চলিক সংস্থাসমূহের মূল কার্যক্রমে অন্তর্ভুক্ত করার জন্য বিভিন্ন সভা/সেমিনার আয়োজন করা প্রয়োজন। উক্ত আঞ্চলিক সহযোগিতার ক্ষেত্র উন্মোচনের প্রয়াসেও বিভিন্ন সভা, সেমিনার আয়োজন করা যেতে পারে।	পররাষ্ট্র মন্ত্রণালয়, সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং বাংলাদেশ দূতাবাস, রোম	আয়োজিতসভা/সেমিনারের সংখ্যা / পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ দূতাবাস, রোম কর্তৃক প্রকাশিত বিভিন্ন প্রকাশনা ও প্রতিবেদন	
৩.১ দূতাবাসে মেশিন রিডেবল পাসপোর্ট কার্যক্রম শুরু/সম্প্রসারণ	৩.১.১ ওয়ার্কষ্টেশনের সংখ্যা	ICAO এর নির্দেশনা অনুযায়ী সকল দেশ স্ব স্ব নাগরিকদের এমআরপি পাসপোর্ট প্রদান কার্যক্রম সম্পন্ন করতে সচেষ্ট। কেননা ২০১৫ সালের ২৪ নভেম্বরের পর আর কোন নাগরিক এমআরপি পাসপোর্ট ছাড়া বিমান ভ্রমণে অনুমতি পাচ্ছে না এবং সকল হাতে লেখা পাসপোর্ট অপ্রচলিত হয়ে গেছে। এই প্রেক্ষিতে সকল দূতাবাসে এমআরপি প্রদানের কার্যক্রম চালু করেছে।	পররাষ্ট্র মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং বাংলাদেশ দূতাবাস, রোম	এমআরপি ওয়ার্কষ্টেশনের সংখ্যা/ পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ দূতাবাস, রোম কর্তৃক প্রকাশিত বিভিন্ন প্রকাশনা ও প্রতিবেদন	
৩.২ দূতাবাসে মেশিন রিডেবল ভিসা কার্যক্রম শুরু	৩.২.১ মেশিন রিডেবল ভিসা কার্যক্রম চালুকৃত মেশিনের সংখ্যা	ICAOএর নির্দেশনা অনুযায়ী সকল দেশ এমআরভি কার্যক্রম শুরু করতে বাধ্য। এই প্রেক্ষিতে পররাষ্ট্র মন্ত্রণালয় বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে এমআরভি কার্যক্রম চালু করছে।	পররাষ্ট্র মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং বাংলাদেশ দূতাবাস, রোম	এমআরভি প্রদান করার মেশিনের সংখ্যা /পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ দূতাবাস, রোম কর্তৃক প্রকাশিত বিভিন্ন প্রকাশনা ও প্রতিবেদন	
৩.৩ অধিক সংখ্যক প্রবাসী বাংলাদেশীদেরকে মেশিন রিডেবল পাসপোর্ট প্রদান	৩.৩.১ প্রদত্ত মেশিন রিডেবল পাসপোর্ট এর সংখ্যা	ICAO এর নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ সরকার বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের মাধ্যমে সকল প্রবাসী বাংলাদেশীকে এমআরপি পাসপোর্ট প্রদানে সচেষ্ট। এ দূতাবাস ইতোমধ্যে উল্লেখযোগ্য সংখ্যক প্রবাসী বাংলাদেশীদের মেশিন রিডেবল পাসপোর্ট প্রদান করেছে এবং ভবিষ্যতেও এ ধারা অব্যাহত থাকবে।	পররাষ্ট্র মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং বাংলাদেশ দূতাবাস, রোম	সেবা গ্রহিতার সংখ্যা / পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ দূতাবাস, রোম কর্তৃক প্রকাশিত বিভিন্ন প্রকাশনা ও প্রতিবেদন	
৩.৪ দূতাবাস হতে প্রবাসী বাংলাদেশীদের পাসপোর্ট প্রদান দ্রুতকরণ	৩.৪.১ মেশিন রিডেবল পাসপোর্ট প্রদানকাল	বর্তমানে বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ হতে একজন প্রবাসী বাংলাদেশীকে এমআরপি প্রদান করতে প্রায় দুই মাস লেগে যায়। এই এমআরপি প্রক্রিয়াকরণের দক্ষতাবৃদ্ধির মাধ্যমে পাসপোর্ট প্রদানের সময়সীমা ৩০ দিন থেকে ২৫ দিনে নামিয়ে আনার জন্য প্রচেষ্টা চলছে।	পররাষ্ট্র মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং বাংলাদেশ দূতাবাস, রোম	আবেদনের পর পাসপোর্ট প্রদান মধ্যবর্তী সময় (দিন)/ পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ দূতাবাস, রোম কর্তৃক প্রকাশিত বিভিন্ন প্রকাশনা ও প্রতিবেদন	
৩.৫ দূতাবাস হতে প্রবাসী	৩.৫.১ কনসুলার সেবা প্রদানকাল	বর্তমানে বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ হতে কতিপয় কনসুলার সেবা তথা পুলিশ ক্লিয়ারেন্স ও পাওয়ার অফ এটর্নী বিষয়ক সেবা প্রদান করতে প্রায় দুই সপ্তাহ সময় লেগে যায়। এ দূতাবাস	পররাষ্ট্র মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং বাংলাদেশ দূতাবাস, রোম	কর্মসম্পাদনের দিন/ পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ	

বাংলাদেশীদেরকে কনসুলার সেবা প্রদান দ্রুতকরণ		কনসুলার সেবা প্রদান বিষয়ক কার্যক্রমের দক্ষতাবৃদ্ধির মাধ্যমে বেশির ভাগ সেবার প্রদানকাল ইতোমধ্যে ১ দিনে নামিয়ে এনেছে।		দূতাবাস, রোম কর্তৃক প্রকাশিত বিভিন্ন প্রকাশনা ও প্রতিবেদন	
৩.৬ দূতাবাস হতে বিদেশী নাগরিকদের অধিকহারে ভিসা প্রদান	৩.৬.১ বিদেশী নাগরিকদের প্রদত্ত ভিসা	মিশনসমূহ বাংলাদেশে ভ্রমণে ইচ্ছুক বিদেশী নাগরিকদের ভিসা প্রদান করে থাকে। ভিসা প্রদান কার্যক্রমকে মেশিন রিডেবল করার মাধ্যমে প্রক্রিয়াটিকে আরো দক্ষ করার প্রয়াস অব্যাহত থাকে। এ দূতাবাস প্রতিবছর উল্লেখযোগ্য সংখ্যক বিদেশী নাগরিকদের বাংলাদেশ ভ্রমণের জন্য ভিসা প্রদান করে থাকে।	পররাষ্ট্র মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং বাংলাদেশ দূতাবাস, রোম	প্রদত্ত ভিসার সংখ্যা পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ দূতাবাস, রোম কর্তৃক প্রকাশিত বিভিন্ন প্রকাশনা ও প্রতিবেদন	
৩.৭ দূতাবাস হতে জন্মনিবন্ধন কার্যক্রম সম্পাদন করা	৩.৭.১ সম্পাদিত জন্ম নিবন্ধনের সংখ্যা	মেশিন রিডেবল পাসপোর্ট ইস্যু করার ক্ষেত্রে যেসকল আবেদনকারীর জন্মনিবন্ধন সনদ থাকে না, তাদের জন্মনিবন্ধন কার্যক্রম এ দূতাবাস থেকে সম্পাদন করা হয়।	পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ দূতাবাস, রোম ও স্থানীয় সরকার মন্ত্রণালয়	ইস্যুকৃত জন্ম নিবন্ধনের সংখ্যা / পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ দূতাবাস, রোম কর্তৃক প্রকাশিত বিভিন্ন প্রকাশনা ও প্রতিবেদন	
৪.১ বানিজ্য মেলার আয়োজন	৪.১.১ আয়োজিত বানিজ্য মেলা	বাংলাদেশী পন্যের বাজার সম্প্রসারণ এবং নতুন বাজার অনুসন্ধানের উদ্দেশ্যে বিভিন্ন দেশে বানিজ্য মেলার আয়োজন করা হয় যা বাংলাদেশী পন্যের বাজার সম্প্রসারণের পাশাপাশি বিদেশী বিনিয়োগ আকৃষ্ট করতে উল্লেখযোগ্য ভূমিকা পালন করে। বাংলাদেশী পণ্যসম্ভার প্রচার ও প্রসারের জন্য ভবিষ্যতে এ দূতাবাসের ইতালি এবং সমবর্তী দায়িত্বের দেশগুলোতে বানিজ্যমেলা আয়োজনের পরিকল্পনা রয়েছে।	পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ দূতাবাস, রোম, বানিজ্য মন্ত্রণালয় ও রপ্তানী উন্নয়ন ব্যুরো	আয়োজিত বানিজ্য মেলার সংখ্যা/ পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ দূতাবাস, রোম কর্তৃক প্রকাশিত বিভিন্ন প্রকাশনা ও প্রতিবেদন	
৪.২ বানিজ্যিক চেম্বার নেতৃবৃন্দের সঙ্গে সভা আয়োজন	৪.২.১ আয়োজিত সভা	বাংলাদেশের সাথে সংশ্লিষ্ট দেশের বানিজ্য ও বিনিয়োগ বৃদ্ধিতে স্বাগতিক দেশের সরকারী কর্মকর্তা এবং শিল্প ও বনিক সমিতির নেতৃবৃন্দের সাথে সভা আয়োজন করা হয়। এ দূতাবাস বিগত দুই বছরে ইতোমধ্যে বেশ কিছু সভার আয়োজন করেছে এবং ভবিষ্যতেও এ ধারা অব্যাহত থাকবে।	পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ দূতাবাস, রোম, বানিজ্য মন্ত্রণালয় ও রপ্তানী উন্নয়ন ব্যুরো	আয়োজিতসভার সংখ্যা / পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ দূতাবাস, রোম কর্তৃক প্রকাশিত বিভিন্ন প্রকাশনা ও প্রতিবেদন	
৪.৩ শ্রম বাজার সম্প্রসারণ সংক্রান্ত জটিলতা নিরসনে সরকারী ও বেসরকারী নেতৃবৃন্দের সঙ্গে	৪.৩.১ আয়োজিত সভা	শ্রমবাজার সম্প্রসারণ সংক্রান্ত জটিলতা নিরসনে স্বাগতিক দেশের সংশ্লিষ্ট সরকারী নেতৃবৃন্দ/কর্মকর্তাবৃন্দ এবং মন্ত্রী পর্যায়ের আলোচনা জনশক্তি রপ্তানির পথ সুগম করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।	পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ দূতাবাস, রোম এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	আয়োজিতসভার সংখ্যা / পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ দূতাবাস, রোম কর্তৃক প্রকাশিত বিভিন্ন প্রকাশনা ও প্রতিবেদন	

আলোচনা সভা আয়োজন					
৪.৪ বিদেশী আমদানীকারকদের বাংলাদেশে ভ্রমণ আয়োজন	৪.৪.১ আয়োজিত ভ্রমণ	বাংলাদেশে রপ্তানীযোগ্য পন্যসম্ভার বিদেশী আমদানীকারকদের নিকট পরিচিত করে তোলার জন্য এ ধরণের ভ্রমণ আয়োজন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। বাংলাদেশ দূতাবাস, রোম বিদেশী আমদানীকারকদের ভিসা প্রদান করার মাধ্যমে এই ধরনের ভ্রমণকে সহায়তা করে থাকে।	পপররাষ্ট্র মন্ত্রণালয়, বানিজ্য মন্ত্রণালয় এবং বাংলাদেশ দূতাবাস, রোম,	আয়োজিত ভ্রমণের সংখ্যা/ পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ দূতাবাস, রোম কর্তৃক প্রকাশিত বিভিন্ন প্রকাশনা ও প্রতিবেদন	
৫.১ জলবায়ু পরিবর্তন, অভিবাসন, টেক্সই উন্নয়ন লক্ষ্যমাত্রাসহ বিভিন্ন বৈশ্বিক ইস্যুতে চলমান আন্তর্জাতিক বিষয়ে আলোচনা, সেমিনার এবং কর্মশালায় অংশগ্রহণ	৫.১.১ অংশগ্রহণকৃত আলোচনা, সেমিনার এবং কর্মশালা	বিভিন্ন আন্তর্জাতিক ও আঞ্চলিক অবকাঠামোয় জলবায়ু পরিবর্তন, অভিবাসন এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা এবং বিভিন্ন বৈশ্বিক ইস্যুতে চলমান আন্তর্জাতিক প্রক্রিয়ায় বাংলাদেশের সক্রিয়, নেতৃত্বশীল এবং সফল অংশগ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে ইতালি ও সংশ্লিষ্ট দেশসমুহে আয়োজিত আলোচনা, সেমিনার ও কর্মশালায় দূতাবাসের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা অংশগ্রহন করে থাকেন।	পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ দূতাবাস, রোম ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়	অংশগ্রহণকৃতআলোচনা, সেমিনার এবং কর্মশালার সংখ্যা /পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ দূতাবাস, রোম কর্তৃক প্রকাশিত বিভিন্ন প্রকাশনা ও প্রতিবেদন	
৫.২ আউটকাম ডকুমেন্ট প্রস্তুতে সক্রিয়, নেতৃত্বশীল এবং সফল অংশগ্রহণ (ইন্টারভেনশন)	৫.২.১ প্রস্তুতকৃত আউটকাম ডকুমেন্ট	ইতালি ও সংশ্লিষ্ট দেশসমুহে অনুষ্ঠিত বিভিন্ন বহুপাক্ষিক সভা/সেমিনারে দূতাবাসের কর্মকর্তারা অংশগ্রহণ করে বাংলাদেশের অবস্থান তুলে ধরে এবং সংশ্লিষ্ট আউটকাম ডকুমেন্টে বাংলাদেশের অবস্থানের প্রতিফলন নিশ্চিত করার লক্ষ্যে কাজ করে থাকেন।	পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বাংলাদেশ দূতাবাস, রোম	প্রস্তুতকৃত আউটকাম ডকুমেন্ট-এর সংখ্যা /পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ দূতাবাস, রোম কর্তৃক প্রকাশিত বিভিন্ন প্রকাশনা ও প্রতিবেদন	
৬.১ অর্থনৈতিক সহযোগিতা চুক্তি স্বাক্ষর	৬.১.১ স্বাক্ষরিত চুক্তি	অর্থনৈতিক সহযোগিতা চুক্তি স্বাক্ষরের মাধ্যমে স্বাগতিক দেশে বাংলাদেশের স্বার্থ সংরক্ষণ করা হয় এবং দ্বিপাক্ষিক সম্পর্ক সুসংহত করা হয়। ইতালি ও সমবর্তী দায়িত্বের দেশসমূহের সাথে অর্থনৈতিক সহযোগিতার ক্ষেত্র বৃদ্ধির লক্ষ্যে তাদের সাথে বাংলাদেশের অর্থনৈতিক সহযোগিতা চুক্তি স্বাক্ষরের জন্য কাজ করে যাচ্ছে এ দূতাবাস।	পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ দূতাবাস, রোম ও চুক্তির বিষয় সংশ্লিষ্ট মন্ত্রণালয়	স্বাক্ষরিত চুক্তির সংখ্যা / পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ দূতাবাস, রোম কর্তৃক প্রকাশিত বিভিন্ন প্রকাশনা ও প্রতিবেদন	
৬.২ অর্থনৈতিক সহযোগিতা সংক্রান্ত আলোচনায় অংশগ্রহণ	৬.২.১ অংশগ্রহণকৃত আলোচনা	বাংলাদেশের উন্নয়ন সহযোগী দেশগুলোর সাথে উন্নয়ন সহযোগিতা বিষয়ক আলোচনা বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ আয়োজন করে থাকে। এ ক্ষেত্রে উক্ত আলোচনার বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রয়োজনীয় তথ্য-উপাত্ত দিয়ে সহযোগিতা করে থাকে। এ দূতাবাস বিগত দুই	পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ দূতাবাস, রোম ও চুক্তির বিষয় সংশ্লিষ্ট মন্ত্রণালয়	অংশগ্রহণকৃত আলোচনার সংখ্যা/পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ দূতাবাস, রোম কর্তৃক	

		বছরে ইতোমধ্যে বেশ কিছু সভার আয়োজন করেছে এবং ভবিষ্যতেও এ ধারা অব্যাহত থাকবে।		প্রকাশিত বিভিন্ন প্রকাশনা ও প্রতিবেদন	
৭.১ আলোচনা, সেমিনার এবং কর্মশালায় অংশগ্রহণ	৭.১.১ অংশগ্রহণকৃত আলোচনা, সেমিনার ও কর্মশালা	আঞ্চলিক ও বৈশ্বিক পরিবর্তনের প্রেক্ষাপটে বাংলাদেশের পররাষ্ট্রনীতির যথোপযুক্ত উপযোজন ও প্রয়োগের লক্ষ্যে সমসাময়িক বিষয়ের উপর ইতালিসহ বিভিন্ন দেশে আয়োজিত আলোচনা, সেমিনার ও কর্মশালায় দূতাবাসের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা অংশগ্রহন করে থাকেন।	পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ দূতাবাস, রোম	অংশগ্রহণকৃত আলোচনা, সেমিনার ও কর্মশালার সংখ্যা / পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ দূতাবাস, রোম কর্তৃক প্রকাশিত বিভিন্ন প্রকাশনা ও প্রতিবেদন	
৭.২ সহযোগিতা চুক্তি স্বাক্ষর	৭.২.১ স্বাক্ষরিত চুক্তি	সহযোগিতা চুক্তি স্বাক্ষরের মাধ্যমে স্বাগতিক দেশে বাংলাদেশের স্বার্থ সংরক্ষণ করা হয় এবং দ্বিপাক্ষিক সম্পর্ক সুসংহত করা হয়। ইতালি ও সমবর্তী দায়িত্বের দেশসমূহের সাথে সহযোগিতার ক্ষেত্র বৃদ্ধির লক্ষ্যে তাদের সাথে বাংলাদেশের সহযোগিতা চুক্তি স্বাক্ষরের জন্য কাজ করে যাচ্ছে এ দূতাবাস।	পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ দূতাবাস, রোম	স্বাক্ষরিত চুক্তির সংখ্যা/ পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ দূতাবাস, রোম কর্তৃক প্রকাশিত বিভিন্ন প্রকাশনা ও প্রতিবেদন	

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগের ওপর নির্ভরশীলতা

প্রতিষ্ঠানের ধরণ	প্রতিষ্ঠানের নাম	সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক	উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের প্রত্যাশিত সহায়তা	প্রত্যাশার যৌক্তিকতা	উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদার মাত্রা উল্লেখ করুন	প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব
মন্ত্রণালয়	স্বরাষ্ট্র মন্ত্রণালয়	প্রদত্ত মেশিন রিডেবল পাসপোর্টের সংখ্যা, কার্যক্রম চালুকৃত মিশন, বিদেশী নাগরিকদের প্রদত্ত ভিসা, মেশিন রিডেবল পাসপোর্ট প্রদানকাল	এমআরপি কার্যক্রম চালু ও পরিচালনা সংক্রান্ত যাবতীয় অবকাঠামোগত ও কারিগরী সহায়তা প্রদান। মিশনসমূহ হতে প্রেরিত তথ্য যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে দ্রুত মুদ্রন করে সকল প্রবাসী বাংলাদেশীদের এমআরপি প্রদান	এমআরপি সংক্রান্ত তথ্য সমূহ মিশনে ডাটা এন্ট্রি দেয়ার পর ডিআইপি সার্ভারে চলে আসে। ডিআইপি থেকে এমআরপি মুদ্রিত হয়ে পররাষ্ট্র মন্ত্রনালয়ে পৌছায়। মুদ্রণের সময় পররাষ্ট্র মন্ত্রনালয়কে সম্পুর্ণভাবে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপর নির্ভর করতে হয়।	বিভিন্ন কারিগরী ও নিয়মিত কার্যক্রমে দ্রুত সহায়তা প্রত্যাশা করা হয়।	দ্রুত সহায়তা প্রদান না করলে সেবা প্রত্যাশীদের ভোগান্তি বাড়বে।
মন্ত্রণালয়	বানিজ্য মন্ত্রণালয়	আয়োজিত বানিজ্য মেলা	বানিজ্য মেলা আয়োজনের মাধ্যমে বাংলাদেশী পন্যসামগ্রী প্রদর্শন এবং প্রচারনার নিমিত্ত প্রয়োজনীয় নমুনা পন্যসামগ্রী এবং ক্যাটালগ মিশনসমূহে প্রেরণ	বানিজ্য মেলা আয়োজনের মাধ্যমে বাংলাদেশী পন্যসামগ্রী প্রদর্শন এবং প্রচারনার নিমিত্ত প্রয়োজনীয় নমুনা পন্যসামগ্রী এবং ক্যাটালগ মিশনসমূহে প্রেরণের জন্য রপ্তানী উন্নয়ন ব্যুরো এবং বানিজ্য মন্ত্রণালয়ের উপর নির্ভরশীল।	নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় নমুনা পন্যসামগ্রী এবং ক্যাটালগ মিশনসমূহে প্রেরণের নিশ্চয়তা আশা করা হয়।	নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় নমুনা পন্যসামগ্রী এবং ক্যাটালগ মিশনসমূহে প্রেরণের না করলে মেলা আয়োজন অনিশ্চিত হয়ে যায়।
মন্ত্রণালয়	প্রবাসী কল্যাণ ও বৈদিশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	আয়োজিত সভা	বিদ্যমান শ্রমবাজার সুসংহত করার পাশাপাশি নতুন শ্রমবাজার অন্বেষণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ।	বিদেশে প্রবাসী বাংলাদেশীদের জন্যকর্মসংস্থান সৃষ্টির দায়িত্ব প্রবাসী কল্যান ও বৈদিশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের।	নিয়মিত নতুন শ্রমবাজার অন্বেষণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা।	প্রথাগত শ্রম বাজার অচিরেই নিঃশেষ হয়ে যাবে। ফলে নতুন শ্রম বাজার খুজে বের করতে না পারলে জনশক্তি রপ্তানী ধীরগতি হয়ে যাবে এবং ক্রমশ থেমে যাবে।